যুগান্তর

তারিখ: 22 NOV 2015
পৃষ্ঠা: 2 কলাম: 8

স্বাক্ষর জালিয়াতি

# চাকরিচ্যুত হচ্ছেন ঢাবি শিক্ষক

যুগান্তর রিপোর্ট

স্বাক্ষর জালিয়াতি করে চাকরি স্থায়ীকরণের অভিযোগে চাকরি হারাচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) এক শিক্ষক। তার বিরুদ্ধে অভিযোগ চাকরি স্থায়ীকরণের আবেদনে তিনি নিজে স্বাক্ষর না করে অন্য একজনকে দিয়ে জাল স্বাক্ষর করিয়েছিলেন। তদন্তে তার বিরুদ্ধে এই অভিযোগ প্রমাণিত হয়। জানা গেছে আজ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ ব্যাপারে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের খাদ্য ও পুষ্টি বিজ্ঞান ইন্সটিটিউটের এই শিক্ষক বর্তমানে শিক্ষা ছুটি নিয়ে কানাডায় অবস্থান করছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত বছর এপ্রিল মাসে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চাকরি স্থায়ীকরণের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে। ওই সময় ওই শিক্ষক কানাডায় শিক্ষা ছুটিতে ছিলেন। যার কারণে ওই বছরের ২৭ এপ্রিল তিনি ঢাকায় তার এক আত্মীয়কে দিয়ে নিজের স্বাক্ষর জাল করিয়ে চাকরি স্থায়ীকরণের আবেদন করেন। পরবর্তীতে এই বিষয়ে জনৈক আবু সাঈদ মজুমদার নামে এক ব্যক্তি অভিযোগ করলে খাদ্য ও পুষ্টি বিজ্ঞান ইন্সটিটিউট বিষয়টি তদন্ত করে। তদন্তে অভিযোগটি প্রমাণিত হয় বলে জানা গেছে। এদিকে বিষয়টি জানাজানি হলে অভিযুক্ত ওই শিক্ষক তড়িঘড়ি করে চাকরি থেকে স্বেচ্ছায় পদত্যাগ করেন। তবে বিশ্ববিদ্যালয়ের একটি সূত্র জানিয়েছে, নিয়ম অনুযায়ী নৈতিক স্খলন সংক্রান্ত অপরাধে কারও বিরুদ্ধে কোনো অভিযোগ প্রমাণিত হলে সাধারণত স্বেচ্ছায় পদত্যাগের আবেদন গ্রহণ করা হয় না। উল্টো চাকরি থেকে বরখাস্তের নিয়ম রয়েছে। কারণ হিসেবে সিন্ডিকেটের একজন সদস্য জানান, সাধারণত কোনো শিক্ষক কোনো কারণে স্বেচ্ছায় অবসর নিলে ভবিষ্যতে তার ওই পদে আবারও নিয়োগ পাওয়ার সুযোগ থাকে। অপরদিকে কোনো অভিযোগে চাকরিচ্যুত হলে তিনি আর ওই পদে নিয়োগ পাওয়ার সুযোগ পান না। জানা গেছে, আজ এ ব্যাপারে সিন্ডিকেট সভায় চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।